

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

প্রোগ্রামিং শাখা

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdb.gov.bd

বিষয়ঃ ২৯ আগস্ট/২০১৯ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি  
পরিচালক (প্রশাসন)  
সভার তারিখ : ২৯ আগস্ট/২০১৯ খ্রি:  
সভার সময় : বিকাল ০৩.০০ ঘটিকা  
স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন এবং এ সংশ্লিষ্ট বিষয়ে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বিষয় বিস্তারিত আলোচনা	ইতোমধ্যে বিআরডিবি'র ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রণয়নপূর্বক তা ওয়েবসাইটের ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়েছে। প্রস্তুতকৃত কর্মপরিকল্পনায় কর্মসম্পাদন সূচক মান অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	কর্মসম্পাদন সূচক মান অর্জনে সকল পরিকল্পনায় গৃহিত বিষয়সমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম ও উপপরিচালক (প্রোগ্রামিং)
০২	মাঠ পর্যায় থেকে প্রাপ্ত ইনোভেশন আইডিয়াসমূহ নিয়ে আলোচনা	২০১৯-২০২০ অর্থবছরের জন্য মাঠ পর্যায় থেকে কিছু আইডিয়া পাওয়া গেছে। যারা এখন পর্যন্ত আইডিয়া প্রেরণ করেননি তাঁদের সাথে টেলিফোনিক যোগাযোগ এবং দূত আইডিয়া প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। আইডিয়াসমূহ প্রাপ্তির পর তা বাছাইপূর্বক পাইলটিংকৃত আইডিয়াসমূহ চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়।	দ্রুততম সময়ে মাঠ পর্যায় থেকে আইডিয়াসমূহ সংগ্রহপূর্বক পাইলটিংকৃত আইডিয়াসমূহ চূড়ান্ত করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
০৩	২০১৯-২০২০ অর্থবছরের জন্য মেন্টর-মেন্টি নির্বাচন	২০১৯-২০২০ অর্থবছরে জন্য মাঠ পর্যায় থেকে প্রেরিত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার লক্ষ্যে সকল ইনোভেটরদের সমন্বয়ে মেন্টর-মেন্টি নির্বাচন করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও মেন্টর-মেন্টিদের নিয়ে ০১ টি ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে আলোচনা	মেন্টর-মেন্টি নির্বাচনপূর্বক ০১ টি ওয়ার্কশপ আয়োজন করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)

৫

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		হয়।		
০৪	একটি ডিজিটাল আইডিয়া গ্রহণ ও বাস্তবায়ন	বর্তমান সময়ের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ রূপকল্প-২০২১ বাস্তবায়ন ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ইনোভেশন কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত একটি আইডিয়া ডিজিটাল হওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ আইডিয়া বাস্তবায়নের জন্য নির্দিষ্ট সময়সীমাও দেয়া হয়েছে।	পরবর্তী সভায় প্রোগ্রামিং শাখার সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর মাধ্যমে একটি ডিজিটাল আইডিয়া সভায় উপস্থাপন করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
০৫	সেবা সহজিকরণ বিষয়ে আলোচনা	জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও ইনোভেশন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা হিসেবে একটি সেবাকে সহজিকরণের বিষয়ে সিদ্ধান্ত রয়েছে। তাই এটি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত নিতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)


  
 মোঃ হাসনুল ইসলাম এনডিসি  
 পরিচালক (প্রশাসন)  
 সভাপতি, ইনোভেশন কমিটি  
 ☎ ৮১৮০০০৮  
 E-mail: dradmn@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.০৬.১৩৭.১৯-৮৭৩৪

তারিখ: ২৯ আগস্ট/২০১৯ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. পরিচালক (অর্থ ও হিসাব) বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

  
 নাজনীন খানম  
 উপপরিচালক (প্রোগ্রামিং)

ও  
সদস্য সচিব, ইনোভেশন কমিটি